

**সাজেদা চৌধুরী
সংসদের
উপনেতা**

যুগান্তর বিশেষ

আওয়ামী লীগ সভাপতিমণ্ডলীর সদস্য সাবেক মহিলা সৈয়দা সাজেদা চৌধুরীকে সংসদের উপনেতা নির্বাচিত করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে সংসদ ভবনের নবন তলায় পরকালি দলের সভাপতি অমৃতিত আওয়ামী লীগের সংসদীয় দলের সভাপতি উপনেতা নির্বাচিত করা হয়। প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। দলের প্রতীক নেতা জিহুর রহমান রাষ্ট্রপতি নির্বাচিত হওয়ার সৈয়দা সাজেদা চৌধুরী তার স্থলাভিষিক্ত হলেন। চিক হুইপ উপাধ্যক্ষ আবদুস শাদী সংসদীয় দলের সভাপতি উপনেতা হিসেবে সৈয়দা সাজেদা চৌধুরীর নাম প্রস্তাব করেন। দলের মুখপাত্র ও স্থায়ী সরকার মহিলা সৈয়দা আশরাফুল ইসলাম তার নাম সমর্থন করেন। বৈঠকে উপস্থিত সবাই তা সমর্থন করেন। পরে শেখ হাসিনা দলের এ সিদ্ধান্তের কথা জানান। এদিকে উপনেতা নির্বাচিত হওয়ার পর সৈয়দা সাজেদা চৌধুরী সংসদ ভবনে উপস্থিত সংসদ সদস্যদের উপনেতা : পৃষ্ঠা ৩৫ : কলাম ৩

উপনেতা : সংসদের

(১ম পৃষ্ঠার পর) বলেন, তার প্রথম কাজ হবে সংসদকে কার্যকর করা। তিনি বিরোধী দলকে সংসদে যোগ দেয়ার আহ্বান জানিয়ে বলেন, কে কোথায় বসল তা বড় কথা নয়। বড় কথা হচ্ছে কে কি কাজ করলেন। জনগণ ভোট দিয়ে সংসদে পাঠিয়েছে। সবার উচিত জনগণের ম্যাডেটের প্রতি প্রজ্ঞা জানিয়ে সংসদে আসা, সংসদকে কার্যকর করা। সংসদে জনগণের দাবি-দাওয়া তুলে ধরা। উপনেতা বলেন, শেখ হাসিনা যখন আওয়ামী লীগ সভানেত্রী তখন তিনি তার সঙ্গে সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেছেন। এবার শেখ হাসিনা সংসদ নেতা, তিনি তার সঙ্গে উপনেতা হিসেবে কাজ করে সংসদকে কার্যকর করার সবরকম পদক্ষেপ গ্রহণ করবেন।